দৈনিক ইত্তেফাক

NOV. 28 2001

পৃষ্ঠা ৭ কলাম ৬

# মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মেয়াদ প্রসঙ্গে

বর্তমানে সারাদেশে মাধ্যমিক স্কুলসমূহের নির্বাচিত ম্যানেজিং কমিটির মেয়াদ প্রথম সভা থেকে তিন বছর পর্যন্ত কার্যকর থাকে। অথচ বাংলাদেশে অন্যসব নির্বাচনী সংস্থার মেয়াদ পাঁচ বছর। ইউনিয়ন পরিষদ থেকে শুরু করে জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থীরা পাঁচ বছরের জন্য নির্বাচিত হয়ে থাকেন। তিন বছর পরপর মাধ্যমিক স্কুলসমূহে নির্বাচনের আয়োজন করতে গিয়ে দেশের বিভিন্ন স্কুলে নানা ধরনের সমস্যা এবং গোলযোগ হয়ে থাকে। তিন বছর পরপর কমিটি গঠন নিয়ে বিদ্যালয়ের অর্থনৈতিক ব্যয়সহ স্থানীয় কোন্দল সৃষ্টি হয়। এতে করে বিদ্যালয়সমূহের শিক্ষার পরিবেশ নষ্ট হয়ে থাকে। অথচ পাঁচ বছর পরপর নির্বাচনের বিধান থাকলে এসব সমস্যা থাকবে না এবং নির্বাচিত ম্যানেজিং কমিটি পাঁচ বছরে একটি সুন্দর পরিকল্পনা মাফিক বিদ্যালয় পরিচালনাসহ শিক্ষার মান ও পরিবেশ উন্নত করতে পারবে। অতএব, মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটির মেয়াদ তিন বছরের স্থলে পাঁচ বছর করার জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মোহাম্মদ এনামুল হক বাবুল,**
সভাপতি,
নান্দাইল রোড উচ্চ বিদ্যালয়,